

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন : ৪৪-০২-৪১৪৬১৪, ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১২৮১

ই-মেইল : shamsul_ugc58@yahoo.com ওয়েব: www.ugc.gov.bd

নং-বিমক/বৃত্তি/২.২০৫/সমতা/২০১৬/ ৩০৩৮

তারিখ : ২৭/০৩/২০১৭ ইং

সচিব
বাংলাদেশ বার কাউন্সিল
বার কাউন্সিল ভবন, ৩ ক্যাপ্টেন মনসুর আলী সরণী,
শাহবাগ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : ব্যারিস্টার সাজ্জাদ হোসেন, সদস্য, লিগ্যাল এডুকেশন কমিটি, বাংলাদেশ বার কাউন্সিল,
বার কাউন্সিল ভবন, ৩ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, ঢাকা।


বিষয় : আইন বিষয়ক বিদেশী ডিগ্রীর সমতায়ন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, গত ০৫/০৩/২০১৭ তারিখ কমিশনের বিদেশী ডিগ্রী সমতা বিধান কমিটির (সিটারিং কমিটি) ৮৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক কমিশন কর্তৃক ৩ বছরের আইন বিষয়ক বিদেশী ডিগ্রীর সমতায়ন করার কোন সুযোগ নেই। কারণ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহে ৩ বছরের কোন আইন বিষয়ক কোন ডিগ্রী নেই। যেহেতু ৩ বছরের আইন বিষয়ক বিদেশী ডিগ্রীর মাধ্যমে বার কাউন্সিলে রেজিস্ট্রেশন পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ রয়েছে, সেহেতু এ ধরনের ডিগ্রী সমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ বার কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু একাডেমিক উদ্দেশ্যে ৪ বছরের আইন বিষয়ক অর্জিত বিদেশী ডিগ্রী কমিশনের সমতা বিধান কমিটি কর্তৃক সমতায়ন করা যেতে পারে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



প্রকৌ: মোহাম্মাদ জিয়াউর রহমান
উপ-পরিচালক (আরএসএ্যান্ডপি)


ফোন : ৮১৮-১৫৮৪

নং-বিমক/বৃত্তি/২.২০৫/সমতা/২০১৬/

তারিখ : ২৭/০৩/২০১৭ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ২। পরিচালক, আইএমসিটি ডিভিশন, ইউজিসি, ঢাকা - ইউজিসির ওয়েবসাইটে সমতা বিধান লিঙ্কে আপলোড করার জন্য।
- ৩। একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৪। সহকারী সচিব, (প্রফেসর ড. এম. শাহ নওয়াজ আলি) সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, সদস্য (প্রফেসর ড. দিল আফরোজা বেগম) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৭-৮। অফিস কপি/মাস্টার কপি।



মোঃ জহিরুল ইসলাম
সহকারী পরিচালক (বৃত্তি)